

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৩৯

তেলিয়ামুড়া, ২ জানুয়ারি, ২০২৪

প্রতি ঘরে সুশাসন ২.০  
কল্যাণপুর ব্লকভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি কল্যাণপুর ব্লকভিত্তিক দ্বিতীয় পর্যায়ের বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ব্লক কার্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরি। শিবিরে উপস্থিত ছিলেন কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সোমেন গোপ, ভাইস চেয়ারম্যান রাজীব পাল, কল্যাণপুর ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ইন্দ্রনী দেববর্মা, ভাইস চেয়ারম্যান মিন্টু দেববর্মা, ব্লক আধিকারিক হিমেন্দু বিকাশ পাল এবং অতিরিক্ত ব্লক আধিকারিক দলীপ দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে উদ্বোধকের ভাষণে বিধায়ক পিনাকী দাস চৌধুরি বলেন, রাজ্য সরকার দ্বিতীয় পর্যায়ের সুশাসন শিবির আয়োজনের মাধ্যমে সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা জনগণের কাছে পৌছে দিচ্ছে। তার মাধ্যমে জনগণ যেমন উপকৃত হচ্ছেন তেমনি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কেও অবিহিত করা হচ্ছে।

শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ১ হাজার ড্রাগন গাছের চারা, ১০০ জনকে মাশরুম বীজ ও ১০০ জনকে ১০ গ্রাম করে তরমুজ বীজ বিতরণ করা হয়। এছাড়া মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৫ জনকে ঔষধ, ১৫ জনকে মাছ চাষে সচেতনতা বাড়ানোর জন্য পুস্তিকা ও ৫ জনকে মাইক্রো নিউট্রেন্ট মাছের খাবার প্রদান করা হয়। শিবিরে শ্রম দপ্তরের পক্ষ থেকে ৭ জনের কাছ থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। তাছাড়া সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী মাত্ৰ পুষ্টি উপহার যোজনায় ৫ জন গর্ভবতী মহিলাকে পুষ্টি কিট প্রদান করা হয় এবং ২ জন সুবিধাভোগী মাকে পি এম মাত্রু বন্দনা যোজনায় ৫ হাজার টাকা করে চেক দেওয়া হয়। এছাড়া শিবিরে পিএম উজ্জ্বলা যোজনায় ৫৬টি পরিবারকে নতুন গ্যাসের সংযোগ দেওয়া হয়। এছাড়া শিবিরে ১টি পিআরটিসি এবং ২টি ওবিসি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। তাছাড়া প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২৩ টি পরিবারের ৮৬ টি গবাদি পশু পাখির স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ দেওয়া হয়। এই শিবিরে বিকশিত ভারত সংকল্প যাত্রার ভাগ্যমান প্রচার ভ্যানটিকে স্বাগত জানানো হয়। উপস্থিতি অতিথিগণ বিকশিত ভারত গড়ার জন্য সকলেই শপথ বাক্য পাঠ করেন। খোয়াই কৃষি বিজ্ঞান কেন্দ্রের পক্ষ থেকে ড্রোনের মাধ্যমে কিভাবে কৃষি কাজে ঔষধ স্পে করা যায় তা বোঝানো হয়।

\*\*\*\*\*